



# বাংলাদেশ শিপিং কর্পোরেশন



চট্টগ্রাম।

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৮৩.৫৭.০১.২১

তারিখ : ০৫-১০-২০২১খ্রি.

## বাংলাদেশ শিপিং কর্পোরেশনের জাহাজ বহরের জন্য বিএসসি রোস্টারে কুক নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিপিং কর্পোরেশনের প্রচলিত বিধি মোতাবেক বেতন-ভাতায় বিএসসির জাহাজ বহরের জন্য বিএসসি রোস্টারে কুক নিয়োগের জন্য যোগ্যপ্রার্থী নির্বাচন করা হবে। নির্বাচিত প্রার্থীদের এনএমআই থেকে নিজ খরচে প্রশিক্ষণের মাধ্যমে উত্তীর্ণ প্রার্থীদের বিশেষায়িত সিডিসি (শুধুমাত্র বিএসসি জাহাজের জন্য প্রযোজ্য) প্রদানের মাধ্যমে No work no pay ভিত্তিতে সংস্থার জাহাজ বহরে কুক পদে নাবিক (Ratings) নিয়োগের লক্ষ্যে নিম্নে উল্লেখিত যোগ্যতা ও শর্তাবলীর আলোকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

আগ্রহী প্রার্থীগণ আগামী ২০-১০-২০২১খ্রি. তারিখের মধ্যে “বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম”-এর অনুকূলে ৫০০/- টাকা মূল্যের পে-অর্ডার সংযুক্ত করে আবেদনপত্র দাখিল করতে হবে।

ক্র. নং	পদের নাম	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১।	কুক	অনূর্ধ্ব ৫০ বৎসর (দরখাস্ত গ্রহণের শেষ তারিখে)।	০১। এস.এস.সি (যে কোন গ্রুপ) অথবা সমমানের।
			০২। কোষ্টাল জাহাজে/নৌ-বাহিনীর জাহাজে কুক হিসাবে কমপক্ষে ০২ বৎসরের অভিজ্ঞতা অথবা বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের কোন প্রতিষ্ঠানে কোন অনুমোদিত ক্যাটারিং প্রতিষ্ঠানে প্রশিক্ষণসহ আন্তর্জাতিক মানের হোটেলে রন্ধন কাজে কমপক্ষে ০২ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
			০৩। সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজে চাকুরীর এবং তৎসংলগ্নীয় সকল নিয়ম কানুন মানার মানসিকতা থাকতে হবে।

### শর্তাবলী :

- (০১) নিম্নে উল্লেখিত কাগজপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে :
  - (ক) শিক্ষাগতযোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি।
  - (খ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৪ কপি ছবি।
  - (গ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন এবং পাসপোর্ট (যদি থাকে)।
  - (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র
- (০২) ডাক্তার কর্তৃক নিম্নোক্ত শারীরিক যোগ্যতাসম্পন্ন হতে হবেঃ
 

(ক) উচ্চতা	:	কমপক্ষে ১৫৮ সে.মি.।
(খ) ওজন	:	কমপক্ষে ৫০ কেজি।
(গ) বক্ষ	:	কমপক্ষে ৭৬ সে.মি. (বক্ষ বৃদ্ধি ৫ সে.মি. হবে)।
(ঘ) চোখের দৃষ্টি	:	উভয় চক্ষু ৬/৬ এবং বর্ণান্ধতামুক্ত হতে হবে।
- (০৩) জাতীয়তা বাংলাদেশী (জন্মসূত্রে)।
- (০৪) প্রার্থীদের শারীরিক যোগ্যতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় ডাক্তারী পরীক্ষা ও চিকিৎসার সকল খরচ প্রার্থী নিজে বহন করিবেন।
- (০৫) নিজ খরচে National Maritime Institute হতে প্রশিক্ষণ গ্রহণ করার পর উত্তীর্ণদের সিডিসি প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (০৬) শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- (০৭) প্রার্থী বাছাই ও নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মহাব্যবস্থাপক (শিপ পার্সোনেল)  
বাংলাদেশ শিপিং কর্পোরেশন  
বিএসসি ভবন, পো. বক্স নং-৬৪১  
সল্টগোলা রোড, চট্টগ্রাম।

ই-মেইল: gm-spd@bsc.gov.bd